

প্রথম আলো


ব্যথা ছাড়াই ইনজেকশন দেওয়া যাবে!

ইনজেকশনকে কমবেশি ভয় পান এমন মানুষের সংখ্যা অগণিত। সেই ভীতি সম্ভবত দূরই করে ফেললেন ব্রিটিশ তরুণ বিজ্ঞানী অলিভার ব্ল্যাকওয়েল। তিনি এক ব্যথাহীন ইনজেকশন পদ্ধতি আবিষ্কারের দাবি করেছেন।

অলিভারের ইনজেকশনের সিরিঞ্জ দেখতে অনেকটা সাধারণ সিরিঞ্জের মতোই হবে। তবে প্রধান পার্থক্য হলো, এর সুইয়ের মাথা খুব সূক্ষ্ম হবে। প্রথমে ইনজেকশন দিয়ে শরীরে সামান্য ব্যথানাশক ওষুধ প্রয়োগ করা হবে। পরে আসল ইনজেকশন দেওয়া হবে। পরের

ইনজেকশনকে ব্যথাহীন করতেই প্রথম ইনজেকশন দেওয়া হবে।

অলিভার দাবি করেছেন, প্রথম ইনজেকশনের অনুভূতি হবে 'শরীরে মাছি বসার মতো' মাত্র। ২৯ বছর বয়সী এই উদ্ভাবক বলেন, দুবার ইনজেকশন



নিজের উদ্ভাবিত সুই হাতে অলিভার ব্ল্যাকওয়েল

দেওয়া হলেও সিরিঞ্জ দূষিত হওয়ার ঝুঁকি থাকছে না। কারণ, এতে একটি সিরিঞ্জই ব্যবহার করা হচ্ছে।

যুক্তরাজ্যের দ্য রয়েল কলেজ অব অ্যানেসথেসিস্টের সাবেক প্রেসিডেন্ট ও দুজন চিকিৎসককে সঙ্গে নিয়ে এ সিরিঞ্জের নকশা করেন অলিভার।

লন্ডনের রয়েল ফ্রি হাসপাতালের ধাত্রীবিদ্যা বিভাগের চিকিৎসক অ্যালান ম্যাকগ্লেনান বলেন, 'ইনজেকশন নিতে কেউ-ই পছন্দ করেন না। আর আমাদের শাখায় সিরিঞ্জের ব্যবহার বাদ দেওয়ার কাজ

চলছে।' ম্যাকগ্লেনান জানান, সপ্তাহে তিনি অন্তত একজন পূর্ণবয়স্ক ব্যক্তি পান, যিনি ইনজেকশন নিতে ভয় পান। ইনজেকশন নেওয়ার-ফলে এ ধরনের মানুষের রক্তের চাপও বেড়ে যায়। বিবিসি।

২৫/৩/১২